# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৬৫টি প্রতিষ্ঠানকে ১.৬৮ লক্ষ টাকা জরিমানা

**৬ জুন ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৮ জন কর্মকর্তার নেতৃত্বে মানিকগঞ্জ, নরসিংদী, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, সুনামগঞ্জ, কুমিল্লা, হবিগঞ্জ, সাতক্ষীরা, রাজশাহী, পাবনা, ঝালকাঠি, বরিশাল, রংপুর, বরগুনা এবং সিলেটে আজ বাজার তদারকি করা হয়।

মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে মানিকগঞ্জের শিবালয় উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা, নরসিংদী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে নরসিংদী সদর উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা এবং কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের বাজিতপুর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকাসহ মোট **৪৮,০০০/- (আটচল্লিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়ার কুমারখালী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের ছাতক উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার লাকসাম উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জের বাহুবল উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১,৩০০/- (এক হাজার তিনশত)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর দূর্গাপুর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মো: হাসান-আল-মারুফের নেতৃত্বে রাজশাহীর দূর্গাপুর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ. এস. এম. মাসুম-উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির নলছিটি উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল মহানগরের এয়ারপোর্ট থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশাল মহানগরের এয়ারপোর্ট থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে বরগুনা সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **২,৬০০/- (দুই হাজার ছয়শত)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ মোট ৯৬,৯০০/- **(ছিয়ানব্বই হাজার নয়শত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য/ইফতার তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মো: মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Food Court Cafe Express কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক জনাব মো: আবদুল মজিদ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সী শেল রেস্টুরেন্ট এন্ড পার্টি সেন্টার ও ঘরোয়া ফুড এন্ড কাবাব মিনি চাইনিজকে যথাক্রমে

**৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **২ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জারের আহমেদ রাইয়ান গগন ফুডকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সী শেল রেস্টুরেন্ট এন্ড পার্টি সেন্টার, জিংলিং রেস্টুরেন্ট, বিসমিল্লাহ রেস্তোরা ও আসেন বসেনকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **১,০০০/- (এক হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা ও **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **৯,০০০/- (নয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৪ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বাংলা ইয়াম্মি রেস্টুরেন্টকে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩৭৫/- (তিনশত পঁচাত্তর)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৮টি** বাজার তদারকির ও **৯টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৬৫টি** প্রতিষ্ঠানকে মোট **১,৬৮,৪০০/- (এক লক্ষ আটষট্টি হাজার চারশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৯ জন** অভিযোগকারীকে মং **৫,৮৭৫/- (পাঁচ হাজার আটশত পঁচাত্তর)** টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ৫ জুন ২০১৭ তারিখে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে অ্যাবাকাস রেস্টুরেন্টকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, সিটি কর্পোরেশন/পৌরসভার প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(মো: মাসুম আরেফিন)
সহকারী পরিচালক (তদন্ত)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, মানিকগঞ্জ, নরসিংদী, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, সুনামগঞ্জ, কুমিল্লা, হবিগঞ্জ, সাতক্ষীরা, রাজশাহী, পাবনা, ঝালকাঠি, বরিশাল, রংপুর, বরগুনা এবং সিলেট।
৭। পুলিশ সুপার, মানিকগঞ্জ, নরসিংদী, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, সুনামগঞ্জ, কুমিল্লা, হবিগঞ্জ, সাতক্ষীরা, রাজশাহী, পাবনা, ঝালকাঠি, বরিশাল, রংপুর, বরগুনা এবং সিলেট।
৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।